

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৩.২১-৫৪


তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯  
২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে গত ২৭/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় কমিটির সুপারিশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার নির্দেশনা।

সূত্র: (১) সূত্র: ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৩.২১-৩৪৬; ২৭ অক্টোবর ২০২২ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন” কমিটির গত ২৭/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১০ম সভায় নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে সুনির্দিষ্ট আপত্তি নাই, তবে প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নিম্নবর্ণিত ত্রুটি-বিচ্যুতিসমূহ সংশোধনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

ক্র. ন.	প্রতিষ্ঠানের নাম	অভিযোগ/ত্রুটিসমূহ
১।	আলহাজ্ব আব্দুল্লাহ উচ্চ বিদ্যালয়, দিরাই, সুনামগঞ্জ	১) প্রতিটি শ্রেণিতে সাপ্তাহিক ক্লাস পরীক্ষা, মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে;
২।	চকশ্রীপুর এ.এম উচ্চ বিদ্যালয়, পল্লীতলা, নওগাঁ।	২) প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পদ্ধতি চালু করতে হবে;
৩।	শহীদ আবুল হোসেন উচ্চ বিদ্যালয়, ধামরাই, ঢাকা।	৩) স্টক রেজিস্টার, ফাইল রেজিস্টার, নিয়োগ রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার যথাযথভাবে পরিচালনা ও সংরক্ষণ করতে হবে;
৪।	ইসলামপুর আলহাজ্ব কাজী রফিকুল ইসলাম স্কুল এন্ড কলেজ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।	৪) ক্রয় কমিটি গঠন করে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন ক্রয় সম্পন্ন করতে হবে;
৫।	হাজী আয়েত আলী ভুঁইয়া উচ্চ বিদ্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।	৫) সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে করতে হবে;
৬।	আহম্মেদপুর ডিগ্রি কলেজ, বড়াইগ্রাম, নাটোর।	৬) পিপিআর ২০০৮ ও পিপিএ ২০০৬ অনুসরণপূর্বক ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে;
৭।	কালীতারা মুসলিম গার্লস একাডেমী, সদর, নোয়াখালী।	৭) প্রতিষ্ঠানের সকল আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
		৮) ব্যয়ের ভাউচার সমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে;
		৯) প্রতিষ্ঠান প্রধানকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করে আপ-টু-ডেট হিসাব সংরক্ষণ করতে হবে;



৮।	মজিবর রহমান ভূঁইয়া উচ্চ বিদ্যালয়, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।	১০) প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে;
১০।	শিবপুর ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়, সদর, সাতক্ষীরা।	১১) বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন করতে হবে এবং বাজেট অনুযায়ী আয়-ব্যয় নির্বাহ করতে হবে;
১১।	শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজ, তালা, সাতক্ষীরা।	১২) প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট কর্তন করতে হবে এবং আয়কর রিটার্ন জমা দানের মধ্যে আয়কর পরিশোধ করতে হবে;
		১৩) শ্রেণির অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত ত্রুটি-বিদ্যুতসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে নির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
 29/02/2026  
 (মোঃ সেলিম সিকদার)  
 সহকারী সচিব  
 ফোনঃ ০২-৪১০৫০৯৭৭

অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল।
- ৫। জেলা শিক্ষা অফিসার,.....।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .....।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি/ সভাপতি, গভর্নিং বডি .....।
- ৮। যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৯। অফিস কপি।